২০১০ - ২০১১ মেয়াদকালের কার্যনির্বাহী কমিটি'র ৫ম সভার (জরুরি) কার্যবিবরণী

স্থান : বিসিএস কার্যালয়

তারিখ : মঙ্গলবার, ১৫ ফেব্রুয়ারি ২০১০

সময় : বিকাল ৬:৩০মি.

সভাপতি : জনাব মোস্তাফা জব্বার

উপস্থিতি:

জনাব নাজমুল আলম ভূঁইয়া (জুয়েল) - যুগ্ম-মহাসচিব

জনাব মোঃ আক্তারুজ্জামান - কোষাধ্যক্ষ

সভার আলোচ্যসূচি নিম্নরূপ:

১. বিগত ২ ফেব্রুয়ারি ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদন
২. বিগত কার্যনির্বাহী কমিটি'র সভাসমূহে গৃহীত সিদ্ধান্তাবলির অগ্রগতি পর্যালোচনা এবং পরিচালকদের কর্মকাণ্ড সম্পর্কে অবহিতকরণ
৩. দক্ষিণ কোরিয়ায় ই-গভর্নমেন্ট সিস্টেম ইন্টিগ্রেশন কোর্সে প্রার্থী মনোনয়ন প্রসঙ্গে
৪. বিবিধ

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন এবং এতে পর্যায়ক্রমে নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্তাবলি গৃহীত হয়:

আলোচ্যসূচি-১ : বিগত ২ ফেব্রুয়ারি ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদন

আলোচনা : সভাপতি বিগত ২ ফেব্রুয়ারি ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটির সভার কার্যবিবরণী আজকের সভায় উপস্থাপন করেন। এ ব্যাপারে সভাপতি পরিচালকদের মতামত জানতে চাইলে এটি সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে বলে সবাই মত পেশ করেন। এতে সভাপতি উক্ত কার্যবিবরণী অনুমোদিত বলে সভায় ঘোষণা প্রদান করেন।

সিদ্ধান্ত : বিগত ২ ফেব্রুয়ারি ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটির সভার কার্যবিবরণী অনুমোদিত বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-২ : বিগত কার্যনির্বাহী কমিটি'র সভাসমূহে গৃহীত সিদ্ধান্তাবলির অগ্রগতি পর্যালোচনা এবং পরিচালকদের কর্মকাণ্ড সম্পর্কে অবহিতকরণ

আলোচনা : সভাপতি পরিচালকদের নিকট তাদের কর্মকাণ্ডের বিবরণী পেশ করার জন্য অনুরোধ জানান। এতে সভাপতি নিজে তার নিম্নলিখিত কার্যবিবরণী পেশ করেন:

সভাপতির কর্মকাণ্ড

২ - ১৫ ফেব্রুয়ারি ২০১০

৬ ফেব্রুয়ারি ২০১০ সভাপতি ইন্সটিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার দিনাজপুরের আঞ্চলিক সম্মেলনে ডিজিটাল বাংলাদেশ বিষয়ক সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন। ৮ ফেব্রুয়ারি ২০১০ তিনি বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলে ডিজিটাল বাংলাদেশ টাস্কফোর্সের নির্বাহী পরিষদের সভার আলোচ্যসূচি নির্ধারনী সভায় যোগদান করেন। ৯ ফেব্রুয়ারি ২০১০ সভাপতি কপিরাইট টাস্কফোর্সের এক সভায় যোগদান করেন। ১২ ফেব্রুয়ারি তিনি ঈশ্বরদীতে আয়োজিত তথ্যপ্রযুক্তি সংশ্লিষ্ট একাধিক সভায় যোগদান করেন। ১৪ ফেব্রুয়ারি ২০১০ সভাপতি বেসিস সফটএক্সপোতে পিপিপি বিষয়ক একটি সেমিনারে সভাপতিত্ব করেন।

আলোচ্যসূচি-৩ : দক্ষিণ কোরিয়ায় ই-গভর্নমেন্ট সিস্টেম ইন্টিগ্রেশন কোর্সে প্রার্থী মনোনয়ন প্রসঙ্গে

আলোচনা : সভাপতি সভায় অবহিত করেন দক্ষিণ কোরিয়ার পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড সিকিউরিটি মিনিস্ট্রি'র আর্থিক সহায়তায় কোরিয়া এজেন্সি ফর ডিজিটাল অপরচ্যুনিটি অ্যান্ড প্রমোশন (ক্যাডো) তাদের 'কোরিয়া আইটি লার্নিং' (কোয়েল) কর্মসূচির আওতায় এ বছর 'ই-গভর্নমেন্ট সিকিউরিটি ইন্টিগ্রেশন' কোর্সে বাংলাদেশ কম্পিউটার সমিতি তিনবার একজন করে প্রার্থীর নাম প্রস্তাব করতে পারবে। এ কোর্সটি প্রথমবার আগামী ১৫-২৪ মার্চ ২০১০ সময়কালে অনুষ্ঠিত হবে বলে অ্যাসোসিও মারফত জানা গেছে। সে মোতাবেক বিগত ৮ ফেব্রুয়ারি ২০১০ তারিখে ই-মেইল মারফত সমিতির সদস্যদের নিকট নির্ধারিত ফরম পূরণ পূর্বক ১১ ফেব্রুয়ারি ২০১০ তারিখের মধ্যে দরখাস্ত জমাদানের অনুরোধ জানানো হয়। এতে শেষোক্ত তারিখের মধ্যে ৮টি সদস্য কোম্পানির নিম্নলিখিত ব্যক্তির নিকট হতে দরখাস্ত পাওয়া যায় (দরখাস্ত প্রাপ্তির তারিখ ও সময়ের ক্রমানুসারে বিন্যাসিত):

জনাব কাজী মোহাম্মদ আরিফুল ইসলাম, সিইও, টোটালঅফটেক

জনাব কাজী মোহাম্মদ আহসানউল্লাহ্, পরিচালক, ইনফিনিটি টেকনোলজি ইন্টারন্যাশনাল লিমিটেড

জনাব কামরুল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক, মাসনুনস্ লিমিটেড

জনাব মোঃ ওয়ালি উল্লাহ্ ফুকারী, সিইও, বারী কম্পিউটার সিস্টেমস

জনাব আসিফ মাহমুদ, পরিচালক, কম্পিউটার সোর্স লিমিটেড

জনাব জাহিদুল হাসান, নির্বাহী পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড

জনাব আবু মোস্তাফা চৌধুরী, পরিচালক, কম্পিউটার সোর্স মেশিনস লিমিটেড

জনাব মোহাম্মদ ফারুক আহমেদ ভূইয়া, স্বত্বাধিকারী, মোনার্ক ভিশন।

তাদের মধ্যে শেষোক্ত দুই জন বাদে অন্য ছয় জন সমিতির চাহিদা মাফিক তাদের পূর্ণাঙ্গ জীবন-বৃত্তান্ত জমাদান করেন। এ ছয় জনের মধ্যে কোন তিন জনকে মনোনয়ন দেয়া যায় সে ব্যাপারে সভাপতি পরিচালকদের মতামত জানতে চান। এতে সব দিক বিশ্লেষণ করে সভায় সর্বসম্মতিক্রমে এ বছর ভিন্ন ভিন্ন সময়ে তিনবার শিউলে অনুষ্ঠিতব্য 'ই-গভর্নমেন্ট সিকিউরিটি ইন্টিগ্রেশন' কোর্সে অংশগ্রহণের জন্য বিসিএস-এর তরফে পর্যায়ক্রমে মাসনুনস্ লিমিটেড-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব কামরুল ইসলাম, বিজনেস অটোমেশন লিমিটেড-এর নির্বাহী পরিচালক জনাব জাহিদুল হাসান এবং কম্পিউটার সোর্স লিমিটেড-এর পরিচালক জনাব আসিফ

মাহমুদকে মনোনয়নদানে সকলে একমত পোষণ করেন।

সিদ্ধান্ত : ২০১০ সালে ভিন্ন ভিন্ন সময়ে তিনবার শিউলে অনুষ্ঠিতব্য 'ই-গভর্নমেন্ট সিকিউরিটি ইন্টিগ্রেশন' কোর্সে অংশগ্রহণের জন্য বিসিএস-এর তরফে পর্যায়ক্রমে মাসনুনস্ লিমিটেড-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব কামরুল ইসলাম, বিজনেস অটোমেশন লিমিটেড-এর নির্বাহী পরিচালক জনাব জাহিদুল হাসান এবং কম্পিউটার সোর্স লিমিটেড-এর পরিচালক জনাব আসিফ মাহমুদকে মনোনয়নদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-৪ : বিবিধ

আলোচনা :

- সভাপতি সমিতির কার্যালয়ে মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ জিল্লুর রহমান এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিবিএস-এর অনুষ্ঠানে যোগদান সম্বলিত দু'টি বড় ছবি টাঙ্গানোর প্রস্তাব করেন। এ প্রস্তাবে সকলে একমত পোষণ করেন।
- যুগ্ম-মহাসচিব জনাব নাজমুল আলম ভূঁইয়া (জুয়েল) সমিতির পক্ষে আগামী ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালনের প্রস্তাব পেশ করেন। এতে পরিচালকবৃন্দ একমত পোষণ করেন।
- সভাপতি বিগত ১০ জানুয়ারি ২০১০ তারিখে বিসিএস তদন্ত কমিটি ২০১০-এর চেয়ারম্যান জনাব মোঃ আক্তারুজ্জামান মঞ্জু কর্তৃক লিখিত পত্র সভায় উপস্থাপন করেন। এ ব্যাপারে সভাপতি পরিচালকদের মতামত জানতে চাইলে উক্ত পত্র বিবেচনায় নিয়ে জনাব মোঃ আক্তারুজ্জামান মঞ্জু প্রস্তাব মোতাবেক উল্লিখিত তদন্ত কমিটির সদস্য সচিব হিসেবে সমিতির চীফ্ অপারেটিং অফিসারকে মনোনয়নদান, তদন্ত কাজ শেষ করে প্রতিবেদন পেশ করার সময় আগামী ২৮ ফেব্রুয়ারি ২০১০ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা এবং তদন্ত কাজে অত্র সমিতির সচিবালয়সহ অন্যান্য সহায়তার প্রস্তাব গ্রহণীয় বলে সকলে একমত পোষণ করেন।
- বিগত ১২ সেপ্টেম্বর ২০০৯ তারিখ অনুষ্ঠিত সমিতির বিশেষ সাধারণ সভার সিদ্ধান্ত কার্যকর করার জন্য বাণিজ্য সংগঠন পরিদপ্তর এবং যৌথমূলধন কোম্পানী এবং ফার্মসমূহের পরিদপ্তরে সমিতির সংঘবিধি সংশোধনের জন্য প্রয়োজনীয় দলিলপত্র জমাদানের জন্য চীফ্ অপারেটিং অফিসারকে নির্দেশ প্রদান করেন।
- বিগত ১০ ফেব্রুয়ারি ২০১০ তারিখে সমিতির প্রোগ্রাম অফিসার প্রবীর কুমার ঘটকের দাখিলকৃত পদত্যাগপত্র সভায় উত্থাপন করা হয়। এ ব্যাপারে সভাপতি পরিচালকদের মতামত জানতে চাইলে উক্ত পদত্যাগপত্র গ্রহণীয় বলে সায় প্রদান করেন।

সিদ্ধান্ত :

- মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ জিল্লুর রহমান এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিসিএস-এর অনুষ্ঠানে যোগদান সম্বলিত দু'টি বড় ছবি সমিতির কার্যালয়ে টাঙ্গানোর সিদ্ধান্ত গৃহীত হয়।
- সমিতির তরফে আগামী ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।
- বিসিএস তদন্ত কমিটি ২০১০-এর চেয়ারম্যান জনাব মোঃ আক্তারুজ্জামান মঞ্জু কর্তৃক লিখিত পত্রের পরিপেক্ষিতে উল্লিখিত তদন্ত কমিটির সদস্য সচিব হিসেবে সমিতির চীফ্ অপারেটিং অফিসারকে মনোনয়নদান, তদন্ত কাজ শেষ করে প্রতিবেদন পেশ করার সময় আগামী ২৮ ফেব্রুয়ারি ২০১০ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা এবং তদন্ত কাজে অত্র সমিতির সচিবালয়সহ অন্যান্য সহায়তা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।
- বিগত ১২ সেপ্টেম্বর ২০০৯ তারিখ অনুষ্ঠিত সমিতির বিশেষ সাধারণ সভার সিদ্ধান্ত কার্যকর

করার জন্য বাণিজ্য সংগঠন পরিদপ্তর এবং যৌথমূলধন কোম্পানী এবং ফার্মসমূহের পরিদপ্তরে সমিতির সংঘবিধি সংশোধনের জন্য প্রয়োজনীয় দলিলপত্র জমাদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

- সমিতির প্রোগ্রাম অফিসার প্রবীর কুমার ঘটকের দাখিলকৃত পদত্যাগপত্র গৃহীত ও অনুমোদিত হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

মোস্তাফা জব্বার
সভাপতি